# তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**অভিযোগ নং ঃ ০৬/২০১৫**

**অভিযোগকারী ঃ জনাব মোঃ মতিউর রহমান**
পিতা-মোঃ নুরুল ইসলাম
গ্রাম-১ নং কলমা
পোষ্ট-ডেইরী ফার্ম
থানা-সাভার, জেলা-ঢাকা।

**প্রতিপক্ষ ঃ জনাব মোঃ আনিছুর রহমান**
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
সাভার, ঢাকা।

## সিদ্ধান্তপত্র।

**(তারিখ ঃ ২২-০২-২০১৫ ইং)**

অভিযোগকারী জনাব মোঃ মতিউর রহমান ০৯-১১-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাভার উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সাভার, ঢাকা বরাবরে রেজিষ্ট্রি ডাকযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

**ক) সাভার উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কার্যালয়ের অধিনে ও. এম. এসের. চাল ও আটা বিক্রির জন্য মোট কতগুলো পয়েন্ট রয়েছে? উক্ত পয়েন্টগুলো কোন কোন এলাকায় অবস্থিত? এবং এসব পয়েন্টের মোট কতজন তদন্তকারী কর্মকর্তা নিয়োজিত রয়েছে তাদের সকলের নাম, ডিউটির স্থান ও মোবাইল নম্বর।**
**খ) ডিলারদের নিয়োগপত্র ও চুক্তিপত্রের অবিকল ফটোকপি।**
**গ) সাভার উপজেলায় ও. এম. এস পদ্ধতিতে চাল ও আটা বিক্রি শুরু হওয়ার পর থেকে মোট কত টন চাল ও আটা ডিলারদের মাধ্যমে বিক্রয় করা হয়েছে তার হিসাব ও বর্তমানে চাল ও আটার পরিমান কত?**
**ঘ) ও. এম. এস পদ্ধতিতে খাদ্য বিক্রয়ের প্রবিধানমালার অবিকল ফটোকপি।**
**ঙ) উক্ত প্রতিষ্ঠানে কতজন কর্মকর্তা ও কর্মচারী নিয়োজিত আছেন, তাদের পদবিসহ নামের তালিকা।**

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১৮-১২-২০১৪ তারিখে জেলা খাদ্য নিয়ন্ত্রক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ঢাকা বরাবরে রেজিষ্ট্রি ডাকযোগে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২০-০১-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৯-০১-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৮-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়। পরবর্তীতে অনিবার্য কারণবশত শুনানীর তারিখ ১৮-০২-২০১৫ এর পরিবর্তে ২২-০২-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি পুনরায় সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ মতিউর রহমান হাজির। প্রতিপক্ষ জনাব মোঃ আনিছুর রহমান, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাভার, ঢাকা হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অ: পৃ: দ্রঃ)

০৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাভার, ঢাকা তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারী যখন তথ্য প্রাপ্তির আবেদন করেছিলেন সে সময়ে তিনি এই কার্যালয়ে কর্মরত ছিলেন না পরবর্তীতে যোগদান করেছেন। জেলা খাদ্য নিয়ন্ত্রক তথ্য প্রদানের নির্দেশনা প্রদান করলে তিনি অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সংগ্রহের জন্য পত্র প্রেরণ করেছেন। তবে গ ক্রমিকের যাচিত তথ্য স্পষ্ট নয় কারণ নির্দিষ্ট কোন তারিখ না থাকায় তা প্রদানযোগ্য নয়। এছাড়া প্রার্থীত খাদ্য বিক্রয়ের প্রবিধানমালা নেই তবে নীতিমালা রয়েছে।

০৬। গ ক্রমিকের তথ্যের ক্ষেত্রে নির্ধারিত সময় উল্লেখ করার কথা কমিশন অভিযোগকারীকে অবহিত করলে অভিযোগকারী গত ০২ (দুই) বছরের তথ্য চাচ্ছেন মর্মে জানান।

০৭। অভিযোগকারীর প্রার্থীত তথ্যের মধ্যে ক ক্রমিকে যাচিত তথ্যের মধ্যে মোবাইল নম্বর ব্যক্তিগত গোপনীয়তা ও নিরাপত্তার সাথে সংশ্লিষ্ট বিধায় কর্মকর্তাদের ব্যক্তিগত মোবাইল নম্বর প্রদানযোগ্য নয় এবং ও.এম.এস এর দ্রব্যসামগ্রী বিক্রয়কালে তদন্তকারী কর্মকর্তা থাকেন না, তদারককারী কর্মকর্তা থাকতে পারেন মর্মে কমিশন উল্লেখ করেন। মোবাইল নম্বর ব্যতীত অবশিষ্ট তথ্য প্রদানযোগ্য বিধায় সে সকল তথ্য প্রদানের নির্দেশনা দেয়া হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) সে সকল তথ্য প্রদানে সম্মতি জ্ঞাপন করেন।

## পর্যালোচনা।

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য গ্রহণের জন্য পত্র প্রেরণ করেছেন তবে কিছু তথ্য অস্পষ্ট থাকায় তা প্রদানযোগ্য নয় বলে অবহিত করেছেন। অভিযোগকারীর বক্তব্য অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) গ ক্রমিকে উল্লেখিত বিষয়ে গত ০২ (দুই) বছরের তথ্যসহ অভিযোগকারীর অবশিষ্ট তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

## সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১৫-০৩-২০১৫ তারিখ বা তদ্‌পূর্বে অভিযোগকারীকে তার প্রার্থীত তদারককারী কর্মকর্তাগণের ব্যক্তিগত মোবাইল নম্বর ব্যতীত অন্যান্য তথ্য উল্লেখিত পর্যালোচনার পরিপ্রেক্ষিতে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সাভার, ঢাকা-কে নির্দেশ দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশ বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

**স্বাক্ষরিত**
**(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)**
তথ্য কমিশনার

**স্বাক্ষরিত**
**(নেপাল চন্দ্র সরকার)**
তথ্য কমিশনার

**স্বাক্ষরিত**
**(মোহাম্মদ ফারুক)**
প্রধান তথ্য কমিশনার

[মিজান]